

১৬/০২/১৬ — ০৬৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট  
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি  
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯  
www. pmeat.gov.bd



স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/১৩/১(৩৩০)

তারিখ: ০৫.০১.২০২০ খ্রি.

বিষয়: ৬ষ্ঠ ও ১১শ শ্রেণির নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদের নিকট হতে প্রয়োজনীয় তথ্যাদি অগ্রিম সংগ্রহ পূর্বক নিজস্ব ব্যবস্থাপনায় HSP-MIS-এ শিক্ষার্থীর তথ্য এন্ট্রিকরণ এবং Password গোপনীয়তার সাথে সংরক্ষণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২০ সালের ৬ষ্ঠ শ্রেণি, ৯ম শ্রেণি (বিশেষ ক্ষেত্রে) এবং ২০২১-২৩ শিক্ষাবর্ষের ১১শ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তি প্রাপ্তির আবেদন নির্ভুলভাবে প্রক্রিয়াকরণের লক্ষ্যে প্রয়োজনীয় তথ্যাদি শিক্ষার্থী হতে অগ্রিম সংগ্রহ করা বিশেষ প্রয়োজন। চলতি বছরে ৬ষ্ঠ, ৯ম ও ১১শ শ্রেণির ভর্তি কার্যক্রম সম্পন্ন হওয়ার অব্যবহিত পরেই HSP-MIS-এ উপবৃত্তির জন্য আবেদনের যোগ্য সকল শিক্ষার্থীর তথ্য HSP-MIS-এ এন্ট্রি করার প্রক্রিয়াটি স্বল্প সময়ের মধ্যে সুষ্ঠু ও নির্বিঘ্ন করার জন্য উপবৃত্তির নির্ধারিত আবেদন ফরম অনুযায়ী নিম্নবর্ণিত উদ্যোগসহ প্রয়োজনীয় তথ্যাদি অগ্রিম সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

- শিক্ষার্থী কর্তৃক পুরনকৃত উপবৃত্তির আবেদন ফরম (তথ্যাদি প্রতিষ্ঠানিক পর্যায়ের কমিটি যাচাই-বাছাইঅন্তে HSP-MIS এন্ট্রি করবে);
- শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদের ফটোকপি (১৭ সংখ্যা);
- পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা);
- পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা);
- ১১শ শ্রেণির ক্ষেত্রে এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও ফলাফলের ফটোকপি;
- শিক্ষার্থীর অভিভাবকের (পিতা/মাতা/অন্যান্য) জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে খোলা সচল/বৈধ মোবাইল ব্যাংকিং অথবা ব্যাংক একাউন্ট নম্বর;
- একই একাউন্ট নম্বর/মোবাইল নম্বর একাধিক শিক্ষার্থীর ক্ষেত্রে ব্যবহার না করা;
- পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে পিতার নাম প্রদান করতে হবে। অভিভাবক হিসাবে মাতাকে নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে মাতার নাম প্রদান করতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে অভিভাবক হিসাবে নির্বাচিত করলে তাঁর জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম প্রদান করতে হবে;
- স্কুল ব্যাংকিং/এজেন্ট ব্যাংকিং এর ক্ষেত্রে যার নামে একাউন্ট খোলা হয়েছে হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম এন্ট্রি করতে হবে। এজেন্ট ব্যাংকিং একাউন্ট নম্বর ব্যবহার করার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংকের এজেন্ট ব্যাংকিং শাখার নাম প্রদান করতে হবে;
- প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে শিক্ষার্থীরা এ উপবৃত্তি কর্মসূচির আওতাভুক্ত হবে না;
- সরকারি অন্য কোন উৎস হতে মেধাবৃত্তি/উপবৃত্তি/শিক্ষাভাতা পেয়ে থাকলে উক্ত শিক্ষার্থী আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবে।

২। সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান নিজস্ব ব্যবস্থাপনা ব্যতিত অন্য কোন সূত্র বা ব্যবসায়িক প্রতিষ্ঠানের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের তথ্য এন্ট্রিসহ উপবৃত্তি সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করা যাবে না। শিক্ষা প্রতিষ্ঠানের ICT শিক্ষক অথবা শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক মনোনীত একজন শিক্ষকের তত্ত্বাবধানে এন্ট্রিসহ উপবৃত্তি সংক্রান্ত সকল কার্যক্রম HSP-MIS এ সম্পন্ন করতে হবে।

৩। HSP-MIS আর্থিক সফটওয়্যার হওয়ায় MIS এর Password সর্বোচ্চ গোপনীয়তার সাথে সংরক্ষণ করতে হবে। কোনক্রমেই MIS এর Password দায়িত্বপ্রাপ্ত শিক্ষক ছাড়া অন্য কারো নিকট হস্তান্তর করা যাবে না।

উল্লেখ্য যে, উপবৃত্তির জন্য শিক্ষার্থীর তথ্য HSP-MIS-এ এন্ট্রি করলেই উপবৃত্তি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না। আবেদনকারী শিক্ষার্থী প্রদত্ত তথ্যাদি HSP-MIS এর মাধ্যমে বিশ্লেষণ করে উপবৃত্তি প্রাপ্তির জন্য শিক্ষার্থী নির্বাচন করা হয়।

সংযুক্তি: উপবৃত্তির আবেদন ফরম।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা  
সকল উপজেলা/থানা।

(মোহাম্মদ আসাদুল হক)  
স্কিম পরিচালক (উপসচিব)  
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ০২। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ০৩। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৫। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৬। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ০৭। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৮। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
- ০৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ১০। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান।
- ১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৩। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

(মোঃ তোফিক এরফান)  
সহকারী পরিচালক (প্রশাসন)  
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট